দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 27 SEP 2017
পৃষ্ঠা: ১৪ কলাম: ১

# শিক্ষা উপকরণ পেয়ে যমুনা চরের শিক্ষার্থীরা খুশি

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥** জীবন যুদ্ধে এগিয়ে চলা যমুনার চরের ক্ষুদে শিক্ষার্থীরা মহাখুশি। বন্যায় খাতা কলম ও শিক্ষা উপকরণ ক্ষতি হওয়ায় যখন পাঠ গ্রহণ অনিশ্চিত তখন ব্যাগসহ শিক্ষা উপকরণ পেয়ে ওদের মুখে হাসি ফুটেছে। ময়ূরেরচর সরকারী প্রাথমিক স্কুলের মেধাবী শিক্ষার্থী সুমাইয়া আক্তার উচ্ছ্বাসে বলল, আবার লিখতে পড়তে পারবে। চরকুড়িপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী রিপন মিয়ার কথা-আর দুঃখ নেই। বন্যায় ক্ষতিগ্রস্ত সারিয়াকান্দি উপজেলার চরের মধ্যে ৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩শ' শিক্ষার্থীর মধ্যে সোমবার বিকেলে ব্যাকপ্যাকসহ শিক্ষা উপকরণ বিতরণ করে বগুড়া পুলিশ লাইন্স স্কুল ও কলেজ।

ব্যাকপ্যাক (পিঠে বহন করার ব্যাগ) পেয়ে ছোট্টমুনিরা খুব খুশি। এরা কখনই এ ধরনের ব্যাগ ব্যবহার করেনি। প্রতিটি ব্যাগের মধ্যে দেয়া হয়েছে একটি করে জ্যামিতি বক্স, ৫ দিস্তা করে কাগজ, ৫টি করে কলম, ২টি করে পেন্সিল, ২টি করে ইরেজার ও একটি করে স্কেল। সারিয়াকান্দি থানা চত্বরে ময়ুরেরচর, কুড়িপাড়া, চরবাতিয়া, বটিয়ার চর, শালুখা, গজারিয়া সরকারী প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের হাতে শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পুলিশ সুপার মোঃ আসাদুজ্জামান। পুলিশ লাইন্স স্কুল ও কলেজের অধ্যক্ষ শাহাদত আলম ঝুনু এতে সভাপতিত্ব করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর